দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

# পাবলিক ভার্সিটির ভিসিদের সঙ্গে ইউজিসির মতবিনিময়

ইউজিসিতে সোমবার পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দের সঙ্গে সাম্প্রতিক পরিস্থিতি ও বিশ্ববিদ্যালয়সমূহের অন্যান্য বিষয় নিয়ে ইউজিসি'র মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

সভায় উপস্থিত উপাচার্যবৃন্দ বিশ্ববিদ্যালয় পর্যায়ে জঙ্গী কার্যক্রমের তীব্র নিন্দা জানিয়ে বলেন, জঙ্গী নির্মূলে বিশ্ববিদ্যালয়সমূহের পক্ষ থেকে সরকারকে সবরকমের সহযোগিতা প্রদান করা হবে। সভায় উপাচার্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা নিরসনের লক্ষ্যে ইউজিসিকে আরও সক্রিয় ভূমিকা পালন করার জন্য অনুরোধ জানান এবং বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক নিরাপত্তার বিষয়ে সরকারের সযোগিতা কামনা করেন।

এ সময় উপাচার্যগণ শিক্ষকদের পেশাগত বিভিন্ন দাবি-দাওয়ার বাস্তবায়ন নিয়ে ইউজিসি চেয়ারম্যানকে অবহিত করেন। ইউজিসি চেয়ারম্যান উপস্থিত উপাচার্যবৃন্দকে আশ্বাস প্রদান করে বলেন, শিক্ষকদের দাবির বিষয়টি ইউজিসি'র সক্রিয় বিবেচনাধীন রয়েছে। তিনি সকলকে অবহিত করেন, সরকারের সাথে দাবি-দাওয়ার বিষয়টি নিয়ে আলোচনা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

সভায় বিশ্ববিদ্যালয় পর্যায়ে জঙ্গী কার্যক্রম দমনে আরও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য ও উপাচার্যবৃন্দকে আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. এম. শাহ নওয়াজ আলি, প্রফেসর ড. মোঃ আলাউদ্দিন, সভাপতি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ এবং উপাচার্য, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ, ইউজিসি সচিব ড. মোঃ খালেদসহ ইউজিসি'র উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

-বিজ্ঞপ্তি